



তারিখ: ১৩.০৫.২০২৪ খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

প্রথম ধাপ:

অনলাইনে আবেদন : শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট (www.nu.ac.bd/admission)- এর মাস্টার্স অপশনে ক্লিক করে Apply now অপশনের মাধ্যমে ১৪.০৫.২০২৪ খ্রি. থেকে ২৭.০৫.২০২৪ খ্রি. পর্যন্ত অনলাইনে আবেদন ফরম পূরণ পূর্বক মুরারিচাঁদ কলেজ, সিলেট এ “সোনালী-ই সেবা” এর মাধ্যমে নির্ধারিত ফি ১৫.০৫.২০২৪ খ্রি. থেকে ২৭.০৫.২০২৪ খ্রি. পর্যন্ত পরিশোধ করতে পারবে।

দ্বিতীয় ধাপ : ফি ও আবেদন ফরম জমাদান : শিক্ষার্থীদেরকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত ফি ৩০০/- (তিনশত) টাকা “সোনালী-ই সেবা” এর মাধ্যমে পরিশোধ করতে হবে। “সোনালী-ই সেবায়” টাকা পরিশোধের পর ট্রানজেকশন আইডি ও সচল মোবাইল নম্বর ফরমের উপরে ও নিচের অংশে স্পষ্ট করে লিখে আবেদন ফরমটি মুরারিচাঁদ কলেজ, সিলেট এর নির্ধারিত ওয়েবসাইটে আপলোড করতে হবে।

আপলোড করার পদ্ধতি : কলেজ ওয়েবসাইট (www.mccollege.edu.bd) Online Masters Preliminary Admission-2022 অপশনে ক্লিক করে Start Admission-এ গিয়ে “সোনালী-ই সেবা” এর ট্রানজেকশন আইডি ও ভর্তির রোল নম্বর লিখে Submit button-এ ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে সঠিকভাবে ভর্তি ফরমের পিন নম্বর, ভর্তি রোল নম্বর, গ্রুপ, সচল মোবাইল নম্বর লিখে পূরণকৃত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরমটি স্ক্যান করে আপলোড দিতে হবে।

কলেজ ওয়েবসাইটে অনলাইন আবেদন ফরম আগামী ১৫.০৫.২০২৪ খ্রি. তারিখ থেকে ২৭.০৫.২০২৪ খ্রি. তারিখ রাত ১২.০০ টার মধ্যে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর অনলাইন আবেদন ফরমটি ওয়েবসাইটে আপলোড করা যাবে না। এছাড়া কলেজ ওয়েবসাইটে ফরম আপলোড করা না হলে শিক্ষার্থীর নিশ্চয়ন হবে না। কলেজে ফরমের হার্ড কপি দেওয়ার প্রয়োজন নেই।

ভর্তির যোগ্যতা :

ক) এ ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এছাড়া প্রার্থীর প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়টি স্নাতক (পাস) পর্যায়ে ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.০ পেতে হবে।


খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ে অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তির সুযোগ পাবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে তারা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তি যোগ্যতার শর্তপূরণ সাপেক্ষে আবেদনের সুযোগ পাবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে।

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/উপজাতি/প্রতিবন্ধী কোটায় ভর্তিচ্ছু প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করে আবেদন করতে হবে। একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে।

ঙ) কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

*** বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে পাওয়া যাবে।


অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট